

স্মারক নং- ০৫.২০.৩০২৫.০০১.১৮.০১১.১৯- ৩২০৪

তারিখ : ০৭ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ  
২২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

দাগনভূঞা উপজেলায় চলমান 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প' এর আওতায় উপজেলায় ৩০ জন শিক্ষিত বেকার যুবক-যুবতিদের "আউটসোর্সিং" বিষয়ে আগামী জানুয়ারি, ২০২০ মাসের ১ম সপ্তাহ হতে দাগনভূঞা অফিসার্স ক্লাবে ২৫ দিনের (অর্ধ দিবস- প্রতিদিন দুপুর ০২.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত) প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণে ইচ্ছুক বেকার যুবক-যুবতিদের নিকট থেকে আগামী ৩০.১২.২০১৯ তারিখের মধ্যে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

যে যোগ্যতা একজন প্রশিক্ষার্থীর অবশ্যই থাকতে হবে	১. প্রশিক্ষার্থীর শিক্ষাগত যোগ্যতা এইচ.এস.সি/সমমান
	২. বেসিক আইসিটি/কম্পিউটারে অফিস প্রোগ্রামিং প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। তবে গ্রাফিক্স ডিজাইনে পারদর্শি/প্রশিক্ষণপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
	৩. প্রশিক্ষার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং প্রশিক্ষণে প্রতিদিন উপস্থিত থাকতে হবে।
	৪. প্রশিক্ষণে প্রতিদিন প্রশিক্ষার্থীকে ল্যাপটপ ও মডেম নিয়ে আসতে হবে।
	৫. প্রশিক্ষণকাল ব্যতিত নিজ বাড়িতে/অন্যত্র প্রতিদিন অনুশীলন করার ব্যবস্থা আছে এমন প্রশিক্ষার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

### শর্তাবলী :

- আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদ কমপক্ষে সরকারী গেজেটেড কর্মকর্তা (নামসহ সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত কপি, ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি, জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, মোবাইল ফোন নাম্বার, ই-মেইল আইডি সংযুক্ত করে নিজস্ব ঠিকানা সম্বলিত ৪ ইঞ্চি X ৯ ইঞ্চি মাপের খামে আগামী ৩০ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে অফিস চলাকালীন আবেদনপত্র পৌঁছাতে হবে।
- প্রশিক্ষার্থীকে অবশ্যই দাগনভূঞা উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- নিজ এলকার স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সঙ্গে দাখিল করতে হবে।
- ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করা যাবে। তবে বর্ণিত সময়সীমার মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। নির্দিষ্ট সময়সীমার পর কোন আবেদন গ্রহণ করা হবেনা। ত্রুটিপূর্ণ এবং অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার জন্য ডাকা হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
- আবেদনপত্রের খামের উপর নিজ ইউনিয়ন/পৌরসভা ও নিজ উপজেলার নাম উল্লেখ করতে হবে।
- প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ শেষে প্রকল্পের নিয়মানুযায়ী প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- আবেদনপত্র পাঠানোর ঠিকানা : বরাবর, উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী।

বিতরণ :

- ..... কর্মকর্তা  
দাগনভূঞা, ফেনী।
- চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ  
দাগনভূঞা, ফেনী।

( মোঃ রবিউল হাসান )

উপজেলা নির্বাহী অফিসার

দাগনভূঞা, ফেনী

☎ ০৩০২৩-৭৯০০৯

০১৭১৩-১৮৭৩১৮

unodaganbhuiyan@mopa.gov.bd